

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdc.gov.bd

২০ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

নং-৪৭.০০.০০০০.০৩১.১১.১৬৭.১৭-১৩০৮

তারিখ:-----

০৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের রাজস্ব খাতভুক্ত “অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) টাকার বেতনস্কেলে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রঃ নং	রোল নম্বর	মেধাক্রম	আবেদনকারীর নাম ও স্থায়ী ঠিকানা
০১.	২১৫৬	০১	জনাব মো: মোমিনুর রহমান, পিতা: মো: নাজির উদ্দীন, ঠিকানা: ২নং পাশাপোল (ওয়ার্ড নং-১), পাশাপোল-৭৪২০, চৌগাছা, যশোর।
০২.	২১৬৮	০২	জনাব মো: রাসেল সরকার, পিতা: মৃত হুমায়ুন সরকার, ঠিকানা: কোনাবাড়ী, ভাঙ্গাবাড়ী-৬৭৩০, বেলকুচি, সিরাজগঞ্জ।

০২। নিয়োগের শর্তাবলীঃ

- (ক) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন;
- (খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র (ডোপ টেস্ট রিপোর্টসহ) সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ-এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;
- (গ) বর্তমানে কোন সরকারি বা বে-সরকারি দফতরে কর্মরত থাকলে বর্তমান কর্তৃপক্ষের নিকট হতে যথাযথ অব্যাহতি (রিলিজ) গ্রহণ করে যোগদানের সময় দাখিল করতে হবে;
- (ঘ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
- (ঙ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এরূপ কোন শর্ত আপনার চাকুরীর ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০৩। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৬/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(মো: মিজানুর রহমান)

উপসচিব (প্রশাসন শাখা-১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, পিএসসি সড়ক, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/প্রতিষ্ঠান/পরিকল্পনা ও উন্নয়ন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। জনাব/বেগম



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (প্রশাসন শাখা-১)

ফোনঃ +৮৮০২-৯৫৭০৬৪৬